দৈনিক জনকণ্ঠ

MAR 19 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ের শিক্ষা বিপর্যস্ত ॥ সংসদে মঞ্জুরি কমিশন প্রতিবেদন

সংসদ রিপোর্টার ॥ দেশের সরকারী বিশ্ববিদ্যালয়গুলোর স্নাতক পর্যায়ের শিক্ষা বিপর্যস্ত হয়ে পড়েছে। কোন বিশ্ববিদ্যালয়ই স্নাতকোত্তর পর্যায়ে গবেষণার মাধ্যমে জ্ঞানের নতুন দিগন্ত উন্মোচন করতে পারছে না। সোমবার, জাতীয় সংসদে উপস্থাপিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০০০ সালের বার্ষিক প্রতিবেদনে এ তথ্য উপস্থাপন করা হয়েছে। কমিশন প্রতিবেদনে উদ্বেগ প্রকাশ করে বলেছে, দক্ষ ও জ্ঞানী মানবসম্পদ আশানুরূপ তৈরি হচ্ছে (১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## সরকারী

(১২-এর পাতার পর)

না। উচ্চশিক্ষার মান বজায় রাখার নীতিমালাও অনুসরণ করা হচ্ছে না। শিক্ষার গুণগত মান নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয়গুলোর রেটিং চালুর জন্য রিপোর্টে সুপারিশ করা হয়েছে।

শিক্ষামন্ত্রী ড. মুহাম্মদ ওসমান ফারুক সংসদে এ প্রতিবেদন উপস্থাপন করেন। রিপোর্টে বলা হয়েছে, বিগত ১০ বছরে দেশের জাতীয় বাজেটে উচ্চ শিক্ষার উন্নয়ন বরাদ্দ (চাহিদা অনুযায়ী) আনুপাতিক হারে বাড়ছে না, উল্টো এ বরাদ্দ ক্রমেই কমে আসছে। মঞ্জুরি কমিশন রিপোর্টে বলেছে, ক্যাম্পাস ও প্রয়োজনীয় ভৌত অবকাঠামোহীন বেশকিছু বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষার প্রকৃত উদ্দেশ্যকে ব্যাহত করছে।